গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সচিব, ভূমি মন্ত্রণালয়
জনাব মো: মোস্তাফিজুর রহমান পিএএ -এঁর জীবনালেখ্য

ব্যক্তিজীবন:

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সচিব, ভূমি মন্ত্রণালয় জনাব মো: মোস্তাফিজুর রহমান পিএএ ১৯৬৪ সালের ২৫ মে খুলনা জেলার এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তাঁর পিতার নাম: জনাব মোঃ মিজানুর রহমান এবং মাতার নাম: বেগম নুরুন্নাহার।

শিক্ষাজীবন:

জনাব মোঃ মোস্তাফিজুর রহমান,পিএএ সেইন্ট জোসেফ হাই স্কুল থেকে ১৯৭৯ সালে প্রথম শ্রেণিতে মাধ্যমিক পরীক্ষা এবং সরকারি বিএল কলেজ থেকে ১৯৮১ সালে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ হন। তিনি রাজশাহী বিশ্ববিদ্যালয়ের পদার্থবিজ্ঞান বিভাগ থেকে ১৯৮৬ সালে স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করেন। কর্মজীবনে তিনি জাপানের জাইকা এবং যুক্তরাষ্ট্রের ডিউক ইউনিভার্সিটি থেকে উচ্চতর প্রশিক্ষণ গ্রহণ করেন।

কর্মজীবন:

- তিনি বাংলাদেশ সিভিল সার্ভিস (বিসিএস) প্রশাসন ক্যাডারের দশম ব্যাচের একজন কর্মকর্তা।
- ১৯৯১ সালের ১১ ডিসেম্বর তারিখে তিনি সহকারী কমিশনার হিসেবে বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা এর কার্যালয়ে যোগদান করেন।
- তিনি সহকারী কমিশনার ও ম্যাজিস্ট্রেট হিসেবে ফরিদপুর ও যশোর জেলায় কর্মরত ছিলেন।
- তিনি সহকারী কমিশনার হিসেবে Refugee Relief & Repatriation Commissioner Office, কক্সবাজারে কর্মরত ছিলেন।
- তিনি সহকারী কমিশনার (ভূমি) হিসেবে যশোর জেলার কেশবপুর উপজেলায় কর্মরত ছিলেন।
- তিনি সাতক্ষীরা জেলার তালা ও কুষ্টিয়া জেলার কুমারখালী উপজেলায় উপজেলা নির্বাহী অফিসার হিসেবে দায়িত্ব পালন করেন।
- পরবর্তীতে তিনি যশোর জেলার অতিরিক্ত জেলা প্রশাসক হিসেবে দায়িত্ব পালন করেন।
- তিনি ১ আগস্ট ২০১১ থেকে ০১ জুলাই ২০১৪ সাল পর্যন্ত জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট হিসেবে যশোর জেলায় দায়িত্ব পালন করেন।
- তিনি ০৬ জুলাই ২০১৯ থেকে ০৭ জানুয়ারি ২০২০ সাল পর্যন্ত সিলেট বিভাগের বিভাগীয় কমিশনার হিসেবে দায়িত্ব পালন করেন।

- তিনি ১৩ জানুয়ারি ২০২০ থেকে ২৩ ডিসেম্বর ২০২০ সাল পর্যন্ত ঢাকা বিভাগের বিভাগীয় কমিশনার হিসেবে দায়িত্ব পালন করেন।
- মাঠ প্রশাসনের পাশাপাশি তিনি কেন্দ্রীয় প্রশাসনের বিভিন্ন স্তরে বিশেষ করে ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে অগ্রণী ভূমিকা পালন করে চলছেন।
- তিনি Access to Information Programme (A2I) এর পরিচালক ও প্রকল্প পরিচালক হিসেবে বর্ণাঢ্য কর্মকাল অতিবাহিত করেন।
- এছাড়া বিসিএস প্রশাসন ক্যাডারে যোগদানের পূর্বে তিনি খুলনা পাবলিক কলেজে প্রভাষক হিসেবে কর্মরত ছিলেন।

অর্জনসমূহ:

ভূমি সচিব জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, পিএএ ও তাঁর দল জাতীয় পর্যায়ে 'ডিজিটাল বাংলাদেশ পুরস্কার ২০২২' অর্জন করেন।

মাননীয় ভূমি মন্ত্রীর দূরদর্শী নেতৃত্ব এবং ভূমি সচিব জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, পিএএ'র কর্মদক্ষতার কারণে ভূমি মন্ত্রণালয় 'বঙ্গবন্ধু জনপ্রশাসন পদক ২০২২' অর্জন করে।

WSIS PRIZES WINNER

WORLD SUMMIT ON THE INFORMATION SOCIETY

CERTIFICATE OF RECOGNITION

The International Telecommunication Union is proud to award

Digital Land Tax
Ministry of Land
Bangladesh

Winner of WSIS Prizes 2022
Category 7
ICT Applications: e-Government

for its outstanding contribution towards strengthening the implementation of the World Summit on the Information Society (WSIS) Outcomes

Geneva, 3 June 2022

Houlin Zhao
ITU Secretary-General

মাননীয় ভূমি মন্ত্রীর দূরদর্শী নেতৃত্ব এবং ভূমি সচিব জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, পিএএ'র কর্মদক্ষতার কারণে ভূমি মন্ত্রণালয়ের "Digital Land Tax" উদ্যোগটি তথ্য-প্রযুক্তি খাতে বিশ্বের সবচেয়ে সম্মানজনক পুরস্কার WSIS 2022-এ ভূষিত হয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ডিজিটাল বাংলাদেশ পুরস্কার ২০২০

সম্মাননা পত্র

জাতীয় পর্যায়ে সরকারি-সাধারণ (প্রেষ্ঠ দল)

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতে অনন্য অবদানের স্বীকৃতিস্বরূপ মোঃ মোস্তাফিজুর রহমান পিএএ, বিভাগীয় কমিশনার (অতিরিক্ত সচিব), ঢাকা -কে দলগত শ্রেণিতে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ ডিজিটাল বাংলাদেশ পুরস্কার ২০২০-এ ভূষিত করছে।

এন এম জিয়াউল আলম পিএএ
সিনিয়র সচিব
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

জুনাইদ আহমেদ পলক এমপি
প্রতিমন্ত্রী
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতে অনন্য অবদানের স্বীকৃতিস্বরূপ মোঃ মোস্তাফিজুর রহমান, পিএএ, বিভাগীয় কমিশনার, ঢাকা মহোদয় কে দলগত শ্রেণিতে সরকার ডিজিটাল বাংলাদেশ পুরস্কার ২০২০-এ ভূষিত করে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শুদ্ধাচার পুরস্কার ২০১৯-২০

সম্মাননাপত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার শুদ্ধাচার চর্চার স্বীকৃতিস্বরূপ জনাব মোঃ মোস্তাফিজুর রহমান পিএএ, বিভাগীয় কমিশনার, ঢাকা-কে শুদ্ধাচার পুরস্কার ২০১৯-২০ প্রদান করছে।

১৫ শ্রাবণ ১৪২৭
৩০ জুলাই ২০২০

খন্দকার আনোয়ারুল ইসলাম
মন্ত্রিপরিষদ সচিব

বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা হিসেবে ২০১৯-২০ সালে তিনি শুদ্ধাচার পুরস্কার অর্জন করেন।

সিলেট বিভাগের বিভাগীয় কমিশনার থাকাকালীন তাঁর সুযোগ্য নেতৃত্বে সিলেট বিভাগ জাতীয় ডিজিটাল বাংলাদেশ দিবস-২০১৯ এ শ্রেষ্ঠ বিভাগের পুরস্কার অর্জন করে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জনপ্রশাসন পদক ২০১৬

সম্মাননাপত্র

জাতীয় পর্যায়ে সাধারণ (দলগত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার যশোর-এর সাবেক জেলা প্রশাসক, বর্তমানে পরিচালক, অ্যাকসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয় জনাব মোঃ মোস্তাফিজুর রহমান-কে জনসেবা প্রদানে গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতিস্বরূপ জনপ্রশাসন পদক ২০১৬-এ ভূষিত করছে।

৮ শ্রাবণ, ১৪২৩ বঙ্গাব্দ
২৩ জুলাই, ২০১৬ খ্রিষ্টাব্দ

প্রধানমন্ত্রী

জনসেবায় বিশেষ অবদানের স্বীকৃতিস্বরূপ তিনি ২০১৬ সালে প্রশাসনের সর্বোচ্চ সম্মাননা জনপ্রশাসন পদক অর্জন করেন।

সনদপত্র

একটি বাড়ি একটি খামার প্রকল্প বাস্তবায়নে কৃতিত্বপূর্ণ অবদানের স্বীকৃতিস্বরূপ জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, জেলা প্রশাসক, যশোর শ্রেষ্ঠ জেলা প্রশাসক হিসেবে জাতীয় পর্যায়ে পুরস্কৃত হলেন।

(এম এ কাদের সরকার)
সচিব
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

তারিখঃ ২৪ আশ্বিন ১৪২০
৯ অক্টোবর ২০১৩

(ড. প্রশান্ত কুমার রায়)
প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)
একটি বাড়ি একটি খামার প্রকল্প

মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রাধিকারভুক্ত "একটি বাড়ি একটি খামার" প্রকল্পে অনন্য অবদানের জন্য তিনি ২০১৩ সালে শ্রেষ্ঠ জেলা প্রশাসক পদকে ভূষিত হন।

সনদপত্র

জাতীয় প্রাথমিক শিক্ষা পদক ২০১২

তিনি শ্রেষ্ঠ জেলা প্রশাসক হিসেবে ২০১২ সালে জাতীয় প্রাথমিক শিক্ষা পদক প্রাপ্ত হন।

তিনি UISC Sustainability বিষয়ে ২০১২ সালে শ্রেষ্ঠ জেলা প্রশাসক নির্বাচিত হন।

তাঁর সুযোগ্য নেতৃত্বে জেলা প্রশাসকের কার্যালয়, যশোর ২০১১ সালে Electronic Asia Award অর্জন করে।